

## **া** নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (৬৮) আল্লাহর ক্ষমতা সবার উপরে, কিতাবুল্লাহ্ থেকে এর দলীল কি?

উত্তরঃ আল্লাহর ক্ষমতা সবার উপরে এ মর্মে অনেক দলীল বিদ্যমান। আল্লাহ্ তা'আলা বলেনঃ

وَهُوَ الْقَاهِرُ فَوْقَ عِبَادِهِ

"তিনিই পরাক্রান্ত ও বিজয়ী স্বীয় বান্দাদের উপর"। (সূরা আনআমঃ ১৩) এই আয়াতটি আল্লাহর ক্ষমতা সবার উপর এবং আল্লাহ্ স্বীয় সত্বায় সকল সৃষ্টির উপরে উভয়ের প্রমাণ বহন করে। আল্লাহ্ তা'আলা আরো বলেনঃ

"তিনি পবিত্র। তিনিই আল্লাহ্। তিনি এক ও পরাক্রমশালী"। (সূরা যুমারঃ ৪) তিনি আরো বলেনঃ لِمَنْ الْمُلْكُ الْيَوْمَ لِلَّهِ الْوَاحِد الْقَهَّارِ

"আজ রাজত্ব কার? এক প্রবল পরাক্রান্ত আল্লাহর"। (সূরা গাফেরঃ ১৬) আল্লাহ্ তাআ'লা আরও বলেনঃ قُلْ إِنَّمَا أَنَا مُنذرٌ وَمَا مِنْ إِلَهٍ إِلاَّ اللَّهُ الْوَاحِدُ الْقَهَّارُ

"বলুন! আমি তো একজন সতর্ককারী মাত্র। আর এক পরাক্রমশালী আল্লাহ্ ব্যতীত অন্য কোন সত্য মা'বুদ নেই"। (সুরা সোয়াদঃ ৬৫) আল্লাহ্ তা'আলা আরো বলেনঃ

مَا مِنْ دَابَّةٍ إِلاَّ هُوَ آخِذٌ بِنَاصِيَتِهَا

"পৃথিবীর বুকে বিচরণকারী এমন কোন প্রাণী নেই, যা তাঁর পূর্ণ আয়ত্তাধীন নয়"। (সূরা হুদঃ ৫৬) আল্লাহ্ তা'আলা আরো বলেনঃ

يَامَعْشَرَ الْجِنِّ وَالْإِنسِ إِنْ اسْتَطَعْتُمْ أَنْ تَنفُذُوا مِنْ أَقْطَارِ السَّمَوَاتِ وَالأَرْضِ فَانفُذُوا لاَ تَنفُذُونَ إِلاَّ بِسُلْطَانٍ "হে জিন ও মানব জাতি! আকাশমন্ডলী ও পৃথিবীর প্রান্ত অতিক্রম করা যদি তোমাদের সাধ্যে কুলায় তবে অতিক্রম কর। কিন্তু তোমরা তা পারবে না, শক্তি ব্যতিরেকে"। (সূরা আর্ রাহমানঃ ৩৩) এছাড়া আরো অনেক আয়াত রয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11882

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন